



১৯শে নভেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

পিকআপের ধাক্কায় রিকশার চাকায় পিষ্ট শিশু নাবিলার মৃত্যুতে ৫০ লক্ষ টাকা ক্ষতিপূরণ কেন দেয়া হবে না মর্মে হাইকোর্টের রুল জারি

রাজধানীর মোহাম্মদপুরে শিশু নাবিলা নিহত হওয়ার ঘটনায় মহামান্য হাইকোর্ট নিহতের পরিবারকে কেন ৫০ লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদান করা হবে না মর্মে রুল জারী করেন। ব্লাস্ট এবং চিলড্রেনস চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন কর্তৃক দায়েরকৃত মামলার প্রেক্ষিতে আজ ১৯শে নভেম্বর ২০১৮ ইং হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি শেখ হাসান আরিফ এবং মাননীয় বিচারপতি রাজিক আল জলিল এর সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ এ আদেশ দেন। একই সঙ্গে আদালত মোহাম্মদপুর থানাকে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি দুর্ঘটনা সংশ্লিষ্ট তথ্য উপাত্ত আগামী ১ মাসের মধ্যে আদালতে জমা দেয়ার নির্দেশ দেন। আগামী ৬ ই জানুয়ারী ২০১৯ পরবর্তী আদেশের জন্য দিন ধার্য করা হয়েছে।

এই আদেশ সম্পর্কে ব্লাস্টের মূখ্য আইন উপদেষ্টা ও সুপ্রীম কোর্ট এর আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো: নিজামুল হক বলেন, “জনস্বার্থ মামলা ও ক্ষতিপূরণ বিষয়ে এই মামলা একটি নতুন পথের সন্ধান দিল যা আগামী দিনে আইনী সুবিধা পাবার ক্ষেত্রে অসহায় মানুষকে অনেক সহায়তা করবে”

আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন সিসিবি ফাউন্ডেশনের চেয়ারম্যান ব্লাস্টের প্যানেল আইনজীবী ব্যরিস্টার আব্দুল হালিম। সিসিবি ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং ব্লাস্টের প্যানেল আইনজীবী ব্যরিস্টার আব্দুল হালিম বলেন, “আমার আশা এবং বিশ্বাস যে, জিহাদ মামলার রায়ের পরে জনস্বার্থে ক্ষতিপূরণ মামলার উদাহরণ হিসেবে নাবিলার মামলাটি একটি নতুন দিক উন্মোচিত হবে। সরকারী কর্তৃপক্ষের মতো ব্যক্তি বা কোম্পানীও তার দায়িত্বে মারাত্মক অবহেলার জন্য ক্ষতিপূরণ দিতে বাধ্য”

উল্লেখ্য যে, গত ২১ শে অক্টোবর ২০১৮ রবিবার রাজধানীর মোহাম্মদপুরে নিউমার্কেট থেকে রিকশায় করে সন্তান ও ভাইসহ নাজমা বেগম আদাবর যাচ্ছিলেন। এ সময় মোহাম্মদপুর আরমান হাসপাতালের সামনে আসলে তাদের রিকশাটিকে পেছন থেকে একটি পিকআপ ধাক্কা দেয়। এতে তারা রিকশা থেকে ছিটকে পরে যান। পরে রিকশার চাকা চলে যায় তার শিশুর ওপর দিয়ে। এরপর আশঙ্কাজনক অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নেওয়া হয় শিশুটিকে। সেখানকার চিকিৎসক রাত ১১টার দিকে শিশুটিকে মৃত ঘোষণা করেন।

বার্তা প্রেরক: মাহবুবা আক্তার,

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
Bangladesh Legal Aid and Services Trust (BLAST)